

## 34552 - সুরমা ও তেলের ব্যবহার রোযাকে নষ্ট করে না

---

### প্রশ্ন

রমযানের দিনের বেলায় কোন নারীর সুরমা লাগানো ও তেল লাগানো রোযাকে নষ্ট করে কি?

### প্রিয় উত্তর

রমযানের দিনের বেলায় রোযা রেখে যে ব্যক্তি সুরমা লাগিয়েছে তার রোযা নষ্ট হবে না। তবে যদি সুরমার কোন আলামত গলার ভেতরে টের পায় তাহলে রোযাটির কাযা পালন করা অধিক সতর্কতা। আর উত্তম হচ্ছে: রোযা অবস্থায় সুরমা ব্যবহার না করা।

রমযানের দিনের বেলায় যে ব্যক্তি মাথায় তেল দিবে এতে করে তার রোযা নষ্ট হবে না।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।